জীবননগর প্রেস ক্লাবের সভাপতি আনোয়ারুল আর নেই

জীবননগর প্রেস ক্লাবের একাধিকবারের নির্বাচিত সভাপতি আনোয়ারুল কবির নিজ বাড়ি ধোপাখালী গ্রামে গুরুত্বর অসুস্থ হয়ে পড়ে এ সময় পরিবারের সদস্যরা তাকে চিকিৎসার জন্য জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন ।

এ দিকে মরহুমের মৃত্যুর সংবাদ শুনে জীবননগরে কর্মরত সকল সাংবাদিক জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে শেষ বারের মত সহকর্মিকে দেখতে ভিড় জমান।
মরহুমের নামাজের জানাযা গতকাল রোববার ঈশার নামাজের পর নিজ গ্রাম ধোপাখালী ঈদগা মাঠে অনুষ্ঠিত হয়।

এদিকে মরহুমের মৃতুতে শোক প্রকাশ করেছেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম, দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার পরিবার, সাপ্তাহিক জীবননগর বার্তার সম্পাদক ও প্রকাশক শামসুল আলম, জীবননগর উপজেলা পরিষদের সাবেক উপজেলা চেয়ারম্যান আবু মো: আব্দুল লতিফ অমল, জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম, ডা. রফিকুল ইসলাম, ডা. মাহমুদ বিন হেদায়েত সেতু, জীবননগর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক এম আর বাবু, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি আতিয়ার রহমান, সম্পাদক মানিক, বন্ধু রক্তদান কেন্দ্রের সম্পাদক মিঠুন মাহমুদ প্রমুখ।

- জীবননগর প্রতিনিধি

আলমডাঙ্গায় বাল্যবিবাহ, নারী ও

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

[redacted]

[

এ ছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা সহকারি কৃষি কর্মকর্তা শহিদুল আলম, আব্দুর রফিক, খালেদ সাইফুল্লাহ, আব্দুল আলমতি, রফিকুল ইসলাম, নাজমুল হক, শামিম ইকবাল, রুপা আক্তারও রাহি খাতুন প্রমুখ। সভায় মোট ৫ হাজার ১শত ২০ জনকে বিনা মুল্যে সার, বীজ প্রদান করা হয়।

- আলমডাঙ্গা প্রতিনিধি

সমীর দে সভাপতি, মহমুদুল হাসান চঞ্চল সম্পাদক নির্বাচিত

আলমডাঙ্গা বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের ত্রী-বার্ষিক সম্মেলন অনুষ্টিত হয়েছে। সমীর কুমার দে সভাপতি,মাহমুদুল হাসান চঞ্চল সাধারন সম্পাদক নির্বাচিত হয়েছে। ব্যাপক উৎসাহ উদ্দিপনার মধ্য দিয়ে বেলগাছি ইউনিয়ন চত্তরে গত ১৬ নভেম্বর শনিবার সকাল ১০ টার দিকে ত্রী- বার্ষিক সম্মেলনে সভাপতিত্ব করেন বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি সমীর কুমার দে।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সভাপতি চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দার ছেলুন। ত্রি-বার্ষিক সম্মেলন এর শুভ উদ্বোধন করেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি পৌর মেয়র হাজী হাসান কাদির গণু।

প্রধান অতিথি হিসেবে গুরুত্বপূর্ণ ও দিক নির্দেশনামূলক বক্তব্য রাখনে চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগ এর সভাপতি চুয়াডাঙ্গা ১ আসনের মাননীয় সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন। তিনি বলেন বাংলাদেশ আওয়ামীলীগ একটি বড় দল,এই দলে নেতা বেশি,তাই পদ পদবি নিয়ে প্রতিযোগীতা থাকবে, কিন্তু নিজ দলের মধ্যে বিভেদ সৃষ্টি করা যাবে না।

আজ আমি বহুক্ষন ধরে আপনাদের বক্তব্য শুনছিলাম,কেউ বলছেন সে নাকি এই সংগঠন নিজ হাতে গড়েছেন,কেউ বলছেন,আমি ছাড়া এই ইউনিয়নে কোন আওয়ামীলীগ ছিল না,আপনাদের মনে রাখা দরকার দল কখনও একা একা করা যায় না,সকলের সম্মিলিত প্রচেষ্টা না থাকলে আজ সম্মেলনে এত লোক

আওয়ামীলীগ, ইউনিয়ন আওয়ামীলীগ নেতৃবৃন্দ।

সভায় সর্বসম্মতি ক্রমে বেলগাছি ইউনিয়নের সাবেক সভাপতি সমীর কুমার দে কে সভাপতি ও মাহমুহ হাসান চঞ্চলকে সাধারন সম্মাদক করে ৭১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গার মাদক ব্যবসায়ী জাকিরের ৩ মাসের কারাদন্ড

আলমডাঙ্গার আসমানখালী শালিকা গ্রামের মাদক ব্যবসায়ী জাকির হোসেনকে আটকের পর ভ্রাম্যমান আদালতে ৩ মাসের কারাদন্ড দিয়েছে।

শনিবার সকাল ৭ টার দিকে আসমানখালী বাজারে মাদক ব্যবসায়ী জাকির হোসেনকে গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ তাকে হাতেনাতে আটক করে। আটকের পর বড় গাংনী বাজার পুলিশ তদন্ত কেন্দ্র থেকে আলমডাঙ্গা থানায় নিয়ে আসা হয় ।

আলমডাঙ্গা থানায় উপজেলা নির্বাহি অফিসার মোঃ লিটন আলী মাদক ব্যবসায়ী জাকির হোসেনকে তিন মাসের কারাদন্ড দিয়ে জেল হাজতে প্রেরণ করেছে। মাদক ব্যবসায়ী জাকির হোসেন আলমডাঙ্গা উপজেলা গাংনী ইউনিয়নের আসমানখালী শালিকা গ্রামের সিরাজুল ইসলামের ছেলে।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গা পৌর তিনটি ওয়ার্ড আওয়ামীলীগের কমিটি ঘোষনা

আলমডাঙ্গা পৌর সভায় অসমাপ্ত তিনটি ওয়ার্ড আওয়ামীলীগের কমিটি ঘোষনা করা হয়েছে। গতকাল সন্ধ্যায় আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে পৌর সভার ৩টি ওয়ার্ড আওয়ামীলীগের কমিটির ঘোষনা দেওয়া হয়।

কমিটির নাম ঘোষনা অনুষ্ঠানে পৌর আওয়ামীলীগের সভাপতি আবু মুসার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা আওয়ামীলীগের সহসভাপতি নাসির উদ্দিন। বিশেষ অতিথি ছিলেন জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ উজ জামান লিটু বিশ্বাস, উপজেলা আওয়ামীলীগের সভাপতি পৌর মেয়র হাসান কাদির গনু, ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, উপজেলা আওয়ামীলীগের সহসভাপতি বিশিষ্ঠ শিক্ষানুরাগী ও ব্যবসায়ী লিয়াকত আলী লিপু মোল্লা।

পৌর আওয়ামীলীগের সম্পাদক সিরাজুল ইসলামের উপস্থাপনায় উপস্থিত ছিলেন পৌর আওযামীলীগের প্রচার সম্পাদক রেজাউল হক তবা, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান উপজেলা ছাত্রলীগের সভাপতি অ্যাড সালমুন আহমেদ ডন, জেলা যুবলীগের আহŸ◌ায়ক কমিটির সদস্য পৌর কাউন্সিলর মতিয়ার রহমান ফারুক, পৌর যুবলীগের সভাপতি আব্দুল গাফফার, যুবলীগ নেতা সাইফুর রহমান পিন্টু প্রমুখ।

সভায় শেষে সর্বসম্মতিক্রমে ২ নং ওয়ার্ডে জাহাঙ্গীর আলমকে সভাপতি ও খন্দকার মজিবুল ইসলামকে সম্পাদক, ৮ নং ওয়ার্ডে আসমান আলী মালিথাকে সভাপতি ও দেলোয়ার মোল্লাকে সম্পাদক, ৯ নং ওয়ার্ডে শহিদুল ইসলাম মোল্লাকে সভাপতি ও সাফায়েতুল ইসলামকে সম্পাদক করে পৌর সভার ৩টি ওয়ার্ড আওয়ামীলীগের ৫১ সদস্য করে কমিটির নাম ঘোষনা করেন।

কমিটির নাম ঘোষনা করেন প্রধান অতিথি জেলা আওয়ামীলীগের সহসভাপতি নাসির উদ্দিন।

- আলমডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় ব্যবসায়ীদের হাতে পুলিশ ও সাংবাদিক লাঞ্ছিত

অতিরিক্ত দামে পেঁয়াজ বিক্রির অভিযোগে চুয়াডাঙ্গার কাঁচা বাজারে (নিচের বাজার) অভিযান চালিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

এসময় দুটি ব্যবসা প্রতিষ্ঠানে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। শনিবার দুপুরে শহরের নিচের বাজারের কাঁচামালের খুচরা ও পাইকারী বাজারে এ অভিযান চালানো হয়। এদিকে, জরিমানার অর্থ আদায় করা হলে ব্যবসায়ীরা ক্ষিপ্ত হয়ে অভিযানে থাকা ম্যাজিস্ট্রেট, সংবাদকর্মী ও পুলিশকে অবরুদ্ধ করে মারমুখী আচরণে উদ্যত হয়। লাঞ্ছিত করা হয় স্থানীয় দুই সংবাদকর্মী ও পুলিশ সদস্যদেরকে।

ভ্রাম্যমাণ আদালত সূত্র জানায়, গোপন তথ্যের ভিত্তিতে জানা যায় চুয়াডাঙ্গার খুচরা ও পাইকারী বাজারে অতিরিক্ত দামে পেঁয়াজ বিক্রি করা হচ্ছে। এমন সংবাদ পেয়ে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের এনডিসি সিব্বির আহমেদ ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আমজাদ হোসেন বাজারে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

অভিযোগের প্রমাণ পেয়ে এক ব্যবসা প্রতিষ্ঠানকে ২০ হাজার টাকা ও অপর আরেকটি প্রতিষ্ঠানে ১০ হাজার টাকা অর্থদন্ড করা হয়।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক ও এনডিসি সিব্বির আহমেদ জানান, উপযুক্ত তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে দুই ব্যবসায় প্রতিষ্ঠানকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া প্রতিষ্ঠানগুলো নির্ধারিত মূল্য তালিকা না টানিয়ে ইচ্ছামতো পণ্য বিক্রির প্রমাণও পাওয়া যায়। জরিমানার অর্থ আদায় করা হলে ব্যবসায়ীরা ক্ষিপ্ত হয়ে অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি করেন। অভিযানে থাকা দুই সংবাদকর্মী ও পুলিশ সদস্যদেরকেও লাঞ্ছিত করে তারা।

লাঞ্ছিত সংবাদকর্মী এস এম শাফায়েত জানান, অভিযানের খবর পেয়ে তারা সংবাদ সংগ্রহে যায়। এসময় ম্যাজিস্ট্রেট ও পুলিশকে ঘেরাও করে রাখার ছবি তুলতে গেলে তাকে এবং এবং অপর সংবাদকর্মী তৌহিদুর রহমান তপুকে মারধর করে ব্যবসায়ীরা। ভেঙে ফেলে তার ব্যবহৃত একটি মোবাইল ফোন।

চুয়াডাঙ্গা জেলা দোকান মালিক সমিতির সাধারণ সম্পাদক ইবরুল হাসান

জোয়ার্দ্দার ইবু এ ঘটনাকে অনাকাঙ্খিক আখ্যা দিয়ে বলেন, শুধুমাত্র ভুল বোঝাবুঝি থেকে এমন পরিস্থিতির সৃষ্টি হয়েছে। বাজার পরিস্থিতি এখন স্বাভাবিক।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

কার্পাসডাঙ্গা বাজারে রাতের আঁধারে চুরির ঘটনায় ধুম্রজালের সৃষ্টি

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারে গতকাল শক্রবার দিবাগত রাতে চুরির ঘটনা ঘটেছে। এ ঘটনায় ধুম্রজালের সৃষ্টি হয়েছে।

আসলে চুরি নাকি অন্য কিছু তা নিয়ে চলছে চায়ের দোকানে আলোচনা সমালোচনার ঝড়। জানা গেছে কার্পাসডাঙ্গা বাজারের ৫ টি দোকানে চোরচক্র সার্টারের তালা মারা অবস্থায় সার্টারের মাঝখান তুলে ভিতরে প্রবেশ করে এ চুরির ঘটনা ঘটায়। চুরির এমন কৌশল। এ ধরনের ঘটনা দেখে হতবাক হয়েছে সচেতন মহল।

তবে চুরির দাবী করলেও কোন দোকানদার মামলা করতে রাজী না হওয়ায় সচেতন মহলের অনেকে মন্তব্য করে বলেন আসলে কি সত্যিকার অর্থে চুরি হয়েছে না বাজারে জল ঘোলার চেষ্টা চলছে তার তদন্ত দরকার। আর একটি দোকানেও মালামাল চুরি হলোনা তালা ভাঙ্গলো না সার্টার তুলে কিভাবে ভিতরে গেলো তবে প্রকৃত ঘটনাটি কি চুরি না অন্যকিছু।

কার্পাসডাঙ্গা বাজারের মসজিদের পাশে দোকানদার লিপু সুতা ঘরের মালিক জানান, তার দোকানে থাকা নগদ ১২ হাজার টাকা চুরি হয়েছে তবে কোন মালামাল চুরি হয়নি।
জুঁই গার্মেন্টসের মালিক দুদু বলেন, মোকামে যাবার জন্য তার দোকানে থাকা নগদ ১ লক্ষ ১ হাজার চুরি হয়েছে তবে কোন মালামাল চুরি হয়নি বলে জানান।

হাইস্কুল মার্কেটের বিশ্বাস হার্ডওয়ারের মালিক জানান, তার দোকানে থাকা ৬ হাজার ৫ শত টাকা চুরি হয়েছে ও দু’হাজার টাকার তালা চুরি গেছে ।

বারিক কাপড়ের দোকানে কোন কিছু নিতে পারেনি চোরচক্র তবে হোটেল তাজের পাশে মাহা ক্লথ ষ্টোরের মালিক জানান, তার যে ড্রয়ারে টাকা ছিলো সেটা ভাঙ্গতে পারেনি তবে মালামাল সব উলট পালট করা হয়তোবা ৫ হাজার টাকার মত মালামাল নিতে পারে।

ঘটনার পর ঘটনাস্থল পরিদর্শনে আসেন দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত জাহাঙ্গীর আলম। এ বিষয়ে কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ সাইফুল ইসলাম জানান, আমরা বাজার কমিটির নেতৃবৃন্দ ও দোকানদারদের সাথে বসেছিলাম তাদের বারবার পুলিশের সহায়তা দেওয়ার কথা বলেছি ও এ ঘটনায় মামলা করার কথা বলেছি তবে তারা রাজী হয়নি।

তবে ঘটনা যাই হোক তা তদন্ত করা হচ্ছে প্রকৃত ঘটনা উৎঘাটন করে দোষীদের বিরুদ্ধে ব্যাবস্থা নেওয়ার ও কথা জানান তিনি।

- কার্পাসডাঙ্গা প্রতিনিধি

কার্পাসডাঙ্গায় জেএসসি পরীক্ষার্থীকে নিয়ে লাপাত্তার অভিযোগ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ভূমিহীন পাড়ার তোতার ছেলে সহিদুলের বিরুদ্ধে সরোজগঞ্জ তিওরবিলার হাশেমের মেয়ে জেএসসি পরীক্ষার্থী কে প্রেমের ফাঁদে ফেলে ভাগিয়ে নিয়ে লাপাত্তা হবার অভিযোগ উঠেছে।

জানা গেছে সহিদুল তাদের বিদ্যালয়ে রাজমিস্ত্রির কাজ করছিলো সেখান থেকেই সে মেয়েটির সাথে প্রেমের সম্পর্ক গড়ে তোলে।

জেএসসি পরীক্ষার শেষ দিনে সহিদুল মেয়েটিকে নিয়ে অজানার উদ্দশ্য

পাড়ি জমায়।
গতকাল শুক্রবার মেয়েটির চাচা কাশেম মেয়েটিকে খুঁজতে সহিদুলের বাড়ি আসে। তবে সেখানে কোন সন্ধান মেলাতে পারিনি।

মেয়েটির চাচা জানান, আমরা চেয়েছিলাম মেয়েটিকে আপোষে ফিরিয়ে নিয়ে যাবো এখন বুঝছি মামলা ছাড়া উপায় নেই। নাবালিকা মেয়েকে উদ্ধারে সহিদুল সহ তার সহোযোগীদের বিরুদ্ধে মামলার প্রস্তুতি নিচ্ছে মেয়েটির পরিবার।

- কার্পাসডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় পবিত্র কোরান তেলোয়াতের উদ্বোধন

আলমডাঙ্গা আলইকরা ক্যাডেট একাডেমীর অধ্যায়নরত তৃতীয় শ্রেনীর মুসলিম শিক্ষার্থীদের পবিত্র কোরান তেলোয়াতের উদ্বোধন করেন অনুষ্টানের প্রধান অতিথি আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন।

তিনি বলেন আলইকরা ক্যাডেট একাডেমী সাধারণ সিলেবাসের পাশাপাশি পবিত্র কোরান শিক্ষায় শিক্ষিত করে তুলছে অধ্যায়নরত মুসলিম শিক্ষার্থীদের, যা অনেক মাদ্রাসায় আমি দেখি নি। আমি শিক্ষার্থীদের দোয়া করি তারা যেন সত্যিকারের মানুষ হয়ে গড়ে ওঠে। আলইকরার এই ব্যাতিক্রমি পাঠদানের জন্য তাদেরকেও আন্তরিক ধন্যবাদ জানাই, তারা প্রতিবছর উপজেলার সেরা স্কুলের তালিকায় থাকার জন্য।

অনুষ্টানে সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানের মানেজিং কমিটির সভাপতি আলহাজ্ব ফকির মোহাম্মদ।

গতকাল সকাল ১০টার দিকে আলইকরা ক্যাডেট একাডেমী চত্তরে, প্রধান বক্তা হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের কোরান শিক্ষা দেন কুষ্টিয়া ইসলামিয়া কলেজের সহকারি অধ্যাপক ড. মোহাম্মদ শহিদুল বারী।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কৃষিবিদ গোলাম সরোয়ার মিঠু, দর্শনা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ ড. আব্দুস শহিদ, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপত্বি লিয়াকত আলী লিপু মোল্লা।
শিক্ষক শাহিন সাহিদের উপস্থাপনায় বক্তব্য রাখেন হাফেজ মওঃ আইয়ুব আলী, মওঃ মনিরুজ্জামান, প্রতিষ্ঠানের অধ্যক্ষ এনামুল হক, সাকেক ব্যাংকার আব্দুস সাত্তার, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম, শিক্ষক আনিছুর রহমান, সাবেক সদস্য আলী আকবর, আশরাফুল ইসলাম।

কোরআন শিক্ষক মোহাম্মদ আমানুল্লাহ ও নুরুন্নাহার। তৃতীয় শ্রেনীর মোট শতাধিক শিক্ষার্থী কোরআন তেলোয়াতে অংশ নেয়।

- আলমডাঙ্গা প্রতিনিধি